# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 MARCH 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) আসাম বিধানসভায় আজ ২০২৫-২৬ সালের সাধারণ বাজেট নিয়ে আলোচনা ।

২) নিয়োগের সন্ধানে থাকা স্নাতক উত্তীর্ণ যুবক যুবতীদের জীবন প্রেরণা প্রকল্পের অধীনে প্রতিমাসে ২ হাজার ৫০০ টাকা করে প্রদান করা হবে বলে মূখ্যমন্ত্রীর ঘোষনা ।

৩) একাংশ সাংসদ ও বিধায়কের বিরুদ্ধে জেলা আদালতে রুজু থাকা ফৌজদারী মামলাগুলির তালিকা প্রস্তুত করতে গৌহাটী হাইকোর্টের নির্দেশ ।

এবং

৪) শ্রীভূমি জেলার ঐতিহ্যবাহী শনবিলকে অত্যাধুনিক পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য ২০২৫-২৬ অর্থ বছরের বাজেটে ১০০ কোটি টাকা মঞ্জুর করায় ঐ অঞ্চলের জনসাধারণের রাজ্যসরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ।

---

আসাম বিধানসভায় আজ ২০২৫-২৬ বছরের সাধারণ বাজেট নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয় । আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে রাজ্যের মূলধনী ব্যয় বর্তমানে যথেষ্ট বৃদ্ধি পেয়েছে । ২০১৫-১৬ সালে এই ব্যয় ২ হাজার ৯৫১ কোটি টাকা ছিল বলে উল্লেখ করে তিনি বলেন যে ২০২৪-২৫ সালে এই পরিমাণ ২৪ হাজার ৯৬৪ কোটি টাকায় বৃদ্ধি হয়েছে । এর ফলস্বরুপ রাজ্যের মূলধনী

ব্যয়ের ক্ষেত্রে দেশের প্রথমসারির রাজ্যগুলির মধ্যে আসাম একটি অন্যতম রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান । তিনি দেশের বর্তমান সামগ্রীক বিকাশের হার ৯ শতাংশের তুলনায় আসামের বিকাশের হার ১৪ থেকে ১৫ শতাংশ বলে উল্লেখ করেন । রাজ্য সরকারের ধ্বজাবাহী প্রকল্প অরুণোদয়ের মাধ্যমে তৃণমূল পর্যায়ে অর্থনীতির বিকাশ সাধন হয়েছে বলে উল্লেখ করে ড: শর্মা বলেন যে দেশের প্রায় ৫ টি রাজ্য অরুণোদয় প্রকল্প দ্বারা অনুপ্রাণিত হয়ে এধরণের প্রকল্প রুপায়ন করেছে । তিনি বলেন যে রাজ্যের ১৭ টি সরকারি ক্ষেত্রের প্রতিষ্ঠান বর্তমান সময়ে লাভজনক পর্যায়ে রয়েছে ও এই প্রতিষ্ঠানগুলি মোট সম্পদে প্রায় ৪০ হাজার কোটি টাকার অর্থ যুক্ত করেছে ।

রাজ্যে মহানগরের সংখ্যা বৃদ্ধি করার প্রসংগ উত্থাপন করে মুখ্যমন্ত্রী ডিব্রগড় জেলাকে আসামের দ্বিতীয় রাজধানী হিসেবে গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে প্রকাশ করেন ।

রাজ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগে জেলা পরিষদ পর্যায়ে ৫৯৪ টি ও উন্নয়ন খন্ড পর্যায়ে ২ হাজার ৭১০ টি পদ খালি রয়েছে । পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রণজিৎ কুমার দাস আজ বিধানসভায় বিধায়ক জাকির হুসেইন সিকদারের এক প্রশ্নের উত্তরে একথা জানান । তিনি বলেন যে শূন্য থাকা পদগুলি প্রয়োজন সাপেক্ষে পূরণ করা সহ পর্যায়ক্রমে পদোন্নতির ব্যবস্থা করা হবে । মুখ্যমন্ত্রী নিযূত ম ইনা প্রকল্প নিয়ে বিরোধীর সমালোচনা করার বিষয়ে অসুন্তুষ্টি প্রকাশ করে বলেন যে এই প্রকল্প রুপায়নের ফলে স্নাতক প্রথম বর্ষে ভর্তি হোয়া একজন ছাত্রী ও মাঝপথে কলেজ ছেড়ে যায়নি ।মুখ্যমন্ত্রী স্নাতক হোয়ার পর যুবক যুবতীদের জীবন সংগ্রামের কথা উল্লেখ করে বলেন যে নিয়োগের সন্ধানে থাকা যুবক যুবতীরা বিভিন্ন প্রতিযোগীতামূলক পরীক্ষায় অবতীর্ন হোয়ার সময়কালে তাদেরকে আর্থিক সহায়তা প্রদানের জন্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছে । এখন থেকে যুবক যুবতীদের জীবন প্রেরণা প্রকল্পের অধীনে প্রতিমাসে ২ হাজার ৫০০ টাকা করে প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী ঘোষনা করেন ।

---------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্ট একাংশ সাংসদ ও বিধায়কের বিরুদ্ধে জেলা আদালতগুলিতে দায়ের হয়ে থাকা ফৌজদারী মামলাগুলির নিষ্পত্তি প্রক্রিয়া কেনো ত্বরান্বিত হয়নি সেসম্পর্কে সংশ্লিষ্ট কতৃপক্ষ থেকে প্রতিবেদন চেয়ে আজ পঞ্জীয়ককে নির্দেশ দিয়েছে ।দীর্ঘদন থেকে শুনানি চলে থাকা এই মামলার শুনানির সময় হাই কোর্টের মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণই ও বিচারপতি অরুণ দেব চৌধুরীর খন্ড বিচারপীঠ এই নির্দেশ দেয় । আজকের

শুনানির সময় জেলা আদালতগুলিতে একাংশ সাংসদ - বিধায়কের বিরুদ্ধে দায়ের হয়ে থাকা মামলার নিষ্পত্তি প্রক্রিয়া বিভিন্ন পর্যায়ে অসম্পূর্ন থাকার বিষয়টি ন্যায়লের দৃষ্টিগোচর হয় । এই বিষয় সম্পর্কে প্রতিবেদন দাখিল করার নির্দেশ জারি করা সহ সাক্ষ্য দাখিল পর্যায়ে রয়ে যাওয়া বেশ কয়েকটি মামলা সম্পর্কে প্রতিবেদন দাখিল করতে ন্যায়লয় নির্দেশ জারি করেছে । উল্লেখ্য হাই কোর্টের স্থগিতাদেশের ফলে সাংসদ বিধায়কদের বিরুদ্ধে দায়ের হয়ে থাকা বেশ কয়েকটি মামলার কোনো অগ্রগতি হয়নি । এই বিষয়টির প্রতি লক্ষ্য রেখে ন্যায়লয় আজ শুনানিকালে এধরণের স্থগিতাদেশ থাকা মামলার তালিকা প্রস্তুত করে দাখিল করতে নির্দেশনায় উল্লেখ করেছে ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার আগামী তিন বছরের মধ্যে দেশের প্রতিটি জেলায় কর্কট রোগের চিকিৎসার জন্য ডে কেয়ার কেন্দ্র চালু করবে । রাজ্যসভায় আজ এক পরিপূরক প্রশ্নের উত্তরে স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা বলেন যে ২০২৫-২৬ সালের মধ্যে ২০০ টি ডে কেয়ার কেন্দ্র স্থাপন করা হবে । শ্রী নাড্ডা সাম্প্রতিক কিছু তথ্য তুলে ধরে বলেন যে আয়ুষ্মান ভারত -প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা রূপায়নের পর থেকে কর্কট রোগীদের রোগ শণাক্ত হবার ৩০ দিনের মধ্যে চিকিৎসা আরম্ভ করা হয় । জাতীয় স্বাস্থ্য অভিযানের অধীনে সরকার সুলভ ও গুণগত মানের স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে কাজ করে আসছে বলে কেন্দ্রীয় মন্ত্রী জানান ।

--------------------------------------------------------------------------------

মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ নিয়োগ গ্যারান্টি প্রকল্প ,এম জি এনরেগার রূপায়নে দেশের যেকোনো স্থানে নীতি-নির্দেশ অমান্য করলে সরকার সেই স্থানে তদন্তকারী দল প্রেরণ করবে এবং এক্ষেত্রে বিহিত ব্যবস্থা গ্রহণ করবে । গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ লোকসভায় একটি পরিপূরক প্রশ্নের উত্তরে একথা জানান । গ্রামোন্নয়ন বিভাগের প্রতিমন্ত্রী কমলেশ পাশোয়ান এসম্পর্কে বলেন যে বিগত বছরগুলিতে কেন্দ্রীয় সরকার এম জি এনরেগার জন্য অর্থ বরাদ্দ যথেষ্ট বৃদ্ধি করেছে । ইউ পি এ সরকারের শাসনকালে ২০০৬-০৭ বর্ষে এই প্রকল্পের জন্য ১১ হাজার কোটিরও অধিক অর্থ বরাদ্দ হয়েছিলো বলে উল্লেখ করে শ্রী পাশোয়ান বলেন যে ২০২৪-২৫ বর্ষে এই অর্থ ৮৬ হাজার কোটি পর্যন্ত বৃদ্ধি করা হয় ।

--------------------------------------------------------------------------------

আসাম সরকার শ্রীভূমি জেলার শনবিলকে অত্যাধুনিক পর্য্যটন কেন্দ্র এবং শনবিল এলাকার মৎস্যজীবিদের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে বাজেটে ১০০ কোটি টাকা অর্থ মঞ্জুর করায় শনবিল এলাকার জনসাধারণ রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত

বিশ্ব শর্মা, মন্ত্রী কৃষেন্দু পাল ও বিধায়ক বিজয় মালাকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন ।

বাইট

-----------------------------------------------------------------------------------

দেশের নির্বাচন প্রক্রিয়াকে আরো শক্তিশালী ও স্বচ্ছ করতে আইনী কাঠামোর মধ্যে থেকে রাজনৈতিক দলগুলির সভাপতি ও শীর্ষ নেতাদের তাদের মতামত আগামী ৩০শে এপ্রিলের মধ্যে ভোটার তালিকা নিবন্ধন আধিকারিক , জেলা নির্বাচন আধিকারীক বা মূখ্য নির্বাচনী আধিকারীকের কাছে জানাতে বলেছেন । প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সম্প্রতি এক সভায় সমস্ত রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের নির্বাচনী আধিকারীকদের নির্দিষ্ট সময়সীমার মধ্যে রাজনৈতিক দলগুলির উদ্বেগগুলি আলোচনার মাধ্যমে সমাধান করতে নির্দেশ দিয়েছেন । উল্লেখ্য নির্বাচন কমিশনের এই উদ্যোগের মূল লক্ষ্য হচ্ছে নির্বাচনী প্রক্রিয়াকে আরো সহজতর করা , রাজনৈতিক দলগুলির জন্য সমতাভিত্তিক ক্ষেএ নিশ্চিত করা এবং গণতান্ত্রিক ব্যবস্থাকে আরো শক্তিশালী করা ।

-----------------------------------------------------------------------------------

সাম্প্রতিক জেলা র‍্যাঙ্কিংয়ে চলতি বছরের ফেব্রুয়ারী মাসের জন্য মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা অনুমোদিত তালিকায় কাছাড় জেলা সার্বিক উন্নয়নের নিরিখে নবম স্থান দখল করেছে । উল্লেখ্য কাছাড় জেলা ২০২৪ সালের সেপ্টেম্বরে এই তালিকায় ২৩তম স্থানে ছিলো । জেলার এই গৌরবময় সাফল্যের পরিপ্রেক্ষিতে জেলা আয়ুক্ত মৃদুল যাদব সন্তোষ ব্যক্ত করে বলেন যে এই র‍্যাংকিং শুধুমাত্র একটি সংখ্যা নয় , এটি জেলার সার্বিক উন্নয়নের প্রতিফলন । সবার সম্মিলিত প্রয়াসে এই উন্নয়ন সম্ভব হয়েছে বলে উল্লেখ করে জেলা আয়ুক্ত এই সাফল্যকে ধরে রাখার জ্য সকলের প্রতি আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গোপন সূত্রের ভিত্তিতে গতকাল রাতে লক্ষীপুর থানার অর্ন্তগত চন্দ্রপুর দ্বিতীয় খন্ডের কাকমারা গ্রামে অভিযান চালিয়ে মাটির নীচে পুতে রাখা ৯৮ হাজার নেশাযুক্ত টেবলেট , ১০টি সাবানের বাক্স থেকে হেরোইন সহ নগদ তিন লক্ষ ৫০ হাজার টাকা বাজেয়াপ্ত করেছে । জব্দ করা নেশাজাতীয় সামগ্রীর বাজার মূল্য ৩০ কোটী টাকা হবে বলে জানা গেছে । পুলিশ নেশাজাত সামগ্রী সরবরাহকারী আব্দুল রাজ্জাক নামের একজন ব্যাক্তিকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

-----------------------------------------------------------------------------------

শিলচর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে আয়োজিত সুধেন্দু পাল স্মৃতি লীগ কাম নক আউট ক্রিকেট প্রতিযোগীতার আজ দ্বিতীয় সেমি-ফাইনালে সোনাই ক্রীড়া সংস্থা বিজয়ী হয়েছে । জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার সেমি-ফাইনালে সোনাই ক্রীড়া সংস্থা প্রথমে ব্যাট করে ৩০ ওভারে ২৬২ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে ক্লাসমেট ইউনিয়ন ১৫ ওভারে ১০ উইকেটে ৮৭ রান সংগ্রহ করতে সক্ষম হয় । ফলে সোনাই ক্রীড়া সংস্থা ১৭৫ রানের বিশাল ব্যবধানে জয়লাভ করে ।

---------------------------------------------------------------------------------